



## পশ্চিমবঙ্গ সরকার

### কৃষি বিভাগ

২০২৩-২৪ বর্ষে সরকারি ভরতুকিতে কৃষি যন্ত্রপাতি ক্রয়ের সুবর্ণ সুযোগ

স্মারক সংখ্যা : 180-20/HQ

তারিখ: 04.09.2023

# কৃষকবন্ধু (নতুন) প্রকল্পে নিবন্ধীকৃত যে কোনও কৃষক, সরকারি যে কোনও দপ্তর দ্বারা স্বীকৃত কৃষকগোষ্ঠী, কৃষি সমবায় বা সংস্থা মাটির কথা ওয়েবসাইটের ([www.matirkatha.net](http://www.matirkatha.net)) মাধ্যমে আগামী ০৮.০৯.২০২৩ (সকাল ১১ টা) থেকে ২৫.০৯.২০২৩ (বিকাল ৫ টা) পর্যন্ত ভরতুকিতে কৃষি যন্ত্রপাতি ক্রয়/কৃষিযন্ত্র ভাড়াকেন্দ্র স্থাপনের জন্য আবেদন করতে পারবেন।

# অনলাইনে পূরণ করা আবেদনপত্রের ছাপানো প্রতিলিপি, সমস্ত প্রাসঙ্গিক নথিসহ সংশ্লিষ্ট ব্লক (FSSM ও OTA-SFI-র ক্ষেত্রে)/জেলা (CHC ও FMB-র ক্ষেত্রে) কৃষিকরণে ২৫.০৯.২০২৩ (বিকাল ৫টা) এর মধ্যে জমা দিতে হবে।

# FSSM প্রকল্পে পাওয়ার টিলার ও সোলার পাম্প নিতে আশ্রয়ী কৃষকের কমপক্ষে ১.০ একর জমির মালিকানা থাকতে হবে।

# কন্সট্রাকশন হারভেস্টার, ট্রাক্টর, কিয়ান ড্রোন প্রভৃতি সমন্বিত কৃষিযন্ত্র ভাড়াকেন্দ্র স্থাপনের জন্য CHC স্কিমে ভরতুকি প্রকল্পব্যয়ের ৪০% বা ন্যূনতম ৮ লক্ষ টাকা।

# FMB প্রকল্পে ন্যূনতম প্রকল্প ব্যয় ১০ লক্ষ টাকা ও ভরতুকির পরিমাণ ৮০% বা সর্বাধিক ৮ লক্ষ টাকা।

# পাওয়ার টিলার, সোলার পাম্পসেট প্রভৃতি শক্তিশালিত যন্ত্রের জন্য FSSM-প্রকল্পে ভরতুকি - যন্ত্রভেদে ৫০-৬০% বা সর্বোচ্চ ৩ লক্ষ টাকা।

# স্প্রেয়ার, থ্রেশার প্রভৃতি ছোট যন্ত্রের জন্য OTA-SFI প্রকল্পে ভরতুকি মোট দামের ৫০% বা সর্বোচ্চ ১০,০০০ টাকা।

# FSSM & OTA-SFI প্রকল্পে আবেদনপত্র মঞ্জুর হওয়ার সর্বাধিক ১৫ দিনের মধ্যে (সোলার পাম্পের ক্ষেত্রে সর্বাধিক ৪৫ দিন) নির্ধারিত কৃষিযন্ত্র সরকারি তালিকাভুক্ত ডিলারের কাছ থেকে কিনে সংশ্লিষ্ট নথিসহ জমা করতে হবে (FSSM & OTA-SFI-এর ক্ষেত্রে ব্লক কৃষিকরণে, CHC এবং FMB-এর ক্ষেত্রে জেলা কৃষিকরণে)

# কৃষিযন্ত্র ক্রয়ের যাচাই করার পর নির্ধারিত ভরতুকির টাকা সরাসরি উপভোক্তার ব্যাঙ্ক অ্যাকাউন্টে (FSSM, OTA-SFI ও FMB) এবং CHC-র ক্ষেত্রে সাবসিডি রিজার্ভ ফান্ড অ্যাকাউন্টে সরাসরি প্রদান করা হবে।

# এই প্রকল্পে কৃষক সরাসরি নিজের কম্পিউটার বা বাংলা সহায়তা কেন্দ্রের মাধ্যমে বা নিকটস্থ সহ-কৃষি অধিকর্তার করণের সহায়তায় অনলাইনে আবেদন করতে পারেন।

# ২০২৩-২৪ সালে কৃষি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার দ্বারা প্রকাশিত এই সক্রান্ত গাইডলাইন অনুসারে প্রকল্পগুলি রূপায়িত হবে।

বিশদে জানতে নিকটবর্তী কৃষি অফিসে যোগাযোগ করুন বা [www.matirkatha.net](http://www.matirkatha.net) ওয়েবসাইট পরিদর্শন করুন।

ICA-N481(6)/2023